



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৩.২০১৯.১০৮

তারিখ : ১১ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৬ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ


বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ত্রুটিপূর্ণ চাহিদার ভিত্তিতে এনটিআরসিএ কর্তৃক শূন্যপদে সুপারিশপ্রাপ্ত ও যোগদানকৃত শিক্ষকদের মহিলা কোটার কারণে সৃষ্ট জটিলতা নিরসন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ত্রুটিপূর্ণ চাহিদার ভিত্তিতে এনটিআরসিএ কর্তৃক শূন্যপদে সুপারিশপ্রাপ্ত ও যোগদানকৃত শিক্ষকদের মহিলা কোটার কারণে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

"বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ত্রুটিপূর্ণ চাহিদার ভিত্তিতে নিবন্ধনধারী যে সমস্ত শিক্ষক এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত হয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবলকাঠামো-২০১৮ এর শূন্যপদে যোগদান করে সংশ্লিষ্ট এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত আছেন তাঁরা স্ব-স্ব প্রতিষ্ঠানে বহাল থাকবেন। বিধি ও যোগ্যতা মোতাবেক তাঁরা এমপিওভুক্ত হবেন। মহিলা কোটার জটিলতা থেকে সৃষ্ট সমস্যার এ সমাধান শুধুমাত্র ০১.১১.২০১৯ তারিখ পর্যন্ত এনটিআরসিএ-এর মাধ্যমে সুপারিশপ্রাপ্ত ও বিধি মোতাবেক যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ সিদ্ধান্ত ভবিষ্যতে কোনো রেফারেন্স (দৃষ্টান্ত) হিসেবে ব্যবহার করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ভবিষ্যতে মহিলা কোটার নির্দিষ্ট হার পূরণ না হওয়া পর্যন্ত "শুধুমাত্র মহিলা প্রার্থীর জন্য প্রযোজ্য" বলে আবশ্যিকভাবে উল্লেখ করে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার, উপ-পরিচালক (মাধ্যমিক) এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এনটিআরসিএ-তে শিক্ষকদের চাহিদা প্রেরণ করবেন। ননএমপিও শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানকৃত শিক্ষকদের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না।"

২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর ১১.৯ অনুচ্ছেদ অনুযায়ী তাঁরা পূর্বের কোনো বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না। সংশ্লিষ্ট শিক্ষকদের একাডেমিক সনদ, নিবন্ধন সার্টিফিকেট, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও এনটিআরসিএ'র সুপারিশ যথাযথ থাকলে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর শূন্যপদে কর্মরত থাকলে তাঁদের এমপিওভুক্তি অনলাইনে আবেদনের তারিখ থেকে কার্যকর হবে।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মোমিনুর রশিদ আমিন)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫৪০৯০৮

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন ঢাকা।
- ৩। চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। কমিশনার, বিভাগ (সকল)।
- ৮। জেলা প্রশাসক, জেলা (সকল)।
- ৯। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,(সকল)।
- ১০। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১১। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
- ১৪। সিনিয়র সহকারী সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
- ১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ১৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগ (সকল)।
- ১৯। উপজেলা নির্বাহী অফিসার,(সকল)।
- ২০। জেলা শিক্ষা অফিসার, (সকল)।
- ২১। জেলা হিসাব রক্ষণ অফিসার, (সকল)।
- ২২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)।
- ২৩। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, (সকল)।
- ২৪। অফিস নথি।